Total No. of Printed Pages—7

**X/18/B**

**2 0 1 8**

# BENGALI

( INDIAN LANGUAGE )

**( CANDIDATES WITH INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 80
*Pass Marks* : 24

**( CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT )**

*Full Marks* : 100
*Pass Marks* : 30

*Time* : 3 hours

( For Both Categories of Candidates )

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) The Candidates are advised to attempt all questions accordingly.

(ii) Marks allocated to every question are indicated against each.

(iii) Question Nos. **1** to **11** are to be answered by both Regular and Private Candidates.

(iv) Question Nos. **12** and **13** are to be answered only by Private Candidates without Internal.

## বিভাগ—ক

১। প্রতিটি প্রশ্নের উত্তর *একটি* শব্দ বা *একটি* বাক্য দ্বারা লেখ : ১×৩=৩

(ক) ''আমিও হাতিয়ার লইয়া আসিব।'' বক্তা কে?

(খ) 'সংঘাত' গল্পের লেখক কে?

(গ) ''মেজছেলের শ্বশুরবাড়ি থেকে তত্ত্ব পাঠিয়েচে।'' বক্তা কে?

২। শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) পূজার কাজে অপুর অত্যন্ত ______ ।

(খ) সেই অগ্নিতরঙ্গ সন্তরণ করিয়া সন্ধ্যার পূর্ব্বে এক ______ পৌঁছিলেন।

(গ) আসরের প্রায় মাঝখানে জাঁকিয়া বসিয়াছিল ______ ।

৩। *একটি* বাক্যে বা *একটি* শব্দে উত্তর দাও : ১×৪=৪

(ক) ''মৃদুভাষে মিষ্টালাপ কর তুমি কত।'' কে মৃদুভাষে মিষ্টালাপ করে?

(খ) 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতার কবি কে?

(গ) শ্রীকবিকঙ্কণ গীত গান ______ ।

( শূন্যস্থান পূর্ণ কর )

(ঘ) রক্তপায়ী উদ্ধত ______ সুন্দরেরে বিদ্ধ করে।

( শূন্যস্থান পূর্ণ কর )

৪। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) কল্যাণী কুটীরের মধ্যে যে ভয়াবহ দৃশ্য দেখেছিলেন তা সংক্ষেপে লেখ।

(খ) অপুর স্কুলে ইন্সপেক্টর আসার পর কি কি ঘটেছিল, সংক্ষেপে লেখ।

৫। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও (*ষোলোটি* বাক্যের মধ্যে) : ৮

(ক) 'অপরাজিত অপু' কাহিনীটির নামকরণের সার্থকতা লিপিবদ্ধ কর।

(খ) ''অবস্থা বিশেষে মনুষ্য হিংস্র জন্তু মাত্র।'' 'দুর্দিন' প্রবন্ধটি অবলম্বন করে সংক্ষেপে আলোচনা কর।

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'রবীন্দ্রনাথের প্রতি' সনেটটির ভাববস্তু বিশ্লেষণ কর।

(খ) 'ফুল্লরার বারমাস্যা' কবিতা অবলম্বনে ফুল্লরার চরিত্র বিশ্লেষণ কর।

## বিভাগ—খ

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও (*ষোলোটি* বাক্যের মধ্যে) : ৮

(ক) সুপ্রিয় কেন বুনো হাতির সম্মুখীন হতে চেয়েছিল? শেলীর কাছে শোনা সুপ্রিয়র বুনো হাতির ভয়ঙ্কর আক্রোশের কথা বর্ণনা কর। ২+৬=৮

(খ) শঙ্কু মহারাজের 'মায়াময় মেঘালয়' অবলম্বন করে গারো পাহাড়ের প্রধান নদীগুলো সম্বন্ধে যা জান, লেখ। ৮

৮। প্রতিটি প্রশ্নের উত্তর *একটি* শব্দে বা *একটি* বাক্যে লেখ : ১×৪=৪

(ক) গারো পাহাড়ের দাদাঠাকুর কে?

(খ) তুরা কত খ্রিস্টাব্দে শহরের স্বীকৃতি পেয়েছে?

(গ) গারো পাহাড়ের প্রধান দুটি গিরিশ্রেণী কী কী?

(ঘ) নিতাই নদীকে গারো ভাষায় কি বলা হয়?

## বিভাগ—গ

৯। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ২×২=৪

স্বরাগম; সমাস; বর্ণবিপর্যয়; বহুব্রীহি সমাস।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

যথাশক্তি; বজ্রপাণি; আজীবন; বিপত্নীক; বীণাপাণি; নির্বিঘ্ন।

(গ) সঠিক অর্থ নির্দেশ করে নীচে লেখা বাগ্‌ধারাগুলো দিয়ে বাক্য-রচনা কর (যে-কোন **দুটি**) : ২×২=৪

অগ্নিশর্মা; আষাঢ়ে গল্প; কাজীর বিচার; মাটির মানুষ; অকালকুষ্মাণ্ড।

(ঘ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থপার্থক্য লেখ (যে-কোন **তিনটি**) : ১×৩=৩

অবিরাম–অভিরাম; অনিল–অনীল; শয্যা–সজ্জা; বর্ষা–বর্শা; শারদা–সারদা।

(ঙ) বাক্যসংকোচন কর (যে-কোন **তিনটি**) : ১×৩=৩

ময়ূরের ডাক; বসুকে ধারণ করে যে; যাহা জ্বলিতেছে; যাহা বহিতেছে; অবশ্যই যাহা হইবে।

## বিভাগ—ঘ

১০। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও (**তিনটি** বাক্যের মধ্যে) : ২×৪=৮

বয়স যখন বছর এগারো, বালকের প্রথম সুযোগ হল শহর ছেড়ে শহরতলিতে যাবার। জোড়াসাঁকোর গলির মধ্যে প্রাচীর-ঘেরা অট্টালিকার বাসিন্দা, সুকুমারমতি বালকের জীবনে এই ঘটনার প্রভাব নিতান্ত সামান্য হয়নি।

সে সময় (১৮৭২–৭৩) কলকাতার ঘরে ঘরে ডেঙ্গুজ্বর। ঠাকুর-পরিবারের সকলে তাই গেলেন গঙ্গার ধারে পেনেটি বা পানিহাটির এক বাগানবাড়িতে। অদূরে গঙ্গা, চাকরদের ঘরের সামনে একটা পেয়ারা গাছ, তার ফাঁক দিয়ে দেখা যায় পাল-তোলা নৌকা চলেছে মাঝ-গঙ্গায়। এই ছবি কবির স্মৃতিপটে উজ্জ্বল হয়ে ছিল বড়ো বয়সেও—রূপ দিয়েছেন কবিতায়।

(ক) কত বছর বয়সে বালকের শহরতলিতে যাবার প্রথম সুযোগ হল? ২

(খ) কলকাতার ঘরে ঘরে সে সময় কি রোগ হয়েছিল? ২

(গ) ঠাকুর পরিবারের সকলে তখন কোথায় গেলেন? ২

(ঘ) কোন্ ছবিকে কবি বড় বয়সে কবিতায় রূপ দিয়েছেন? ২

১১। নিম্নলিখিত যে-কোন **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য


(খ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(গ) তোমার প্রিয় গ্রন্থ

(ঘ) বিজ্ঞান ঃ আশীর্বাদ না অভিশাপ

*অথবা*

নীচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বিবরণ দাও : ১০



*অথবা*

নিম্নলিখিত সূত্রগুলোকে অবলম্বন করে একটি গল্প রচনা কর (কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য) : ১০

প্রাচীরের ফাঁক দিয়া একটি বালক প্রতিবেশীর বাগানে প্রবেশ করিল—বড় একটি থলিতে আপেল ভর্তি করিল—প্রতিবেশীর কুকুরটি তাড়া করিল—প্রাচীরের ফাঁক দিয়া পলায়নের চেষ্টা—আপেল ভর্তি থলি আটকাইয়া গেল—বালক ধরা পড়িল।

## ( For Private Candidates only )

১২। যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

(ক) ''কেন, এই তো আড়বোয়ালেতে বেশ ইস্কুল রয়েচে।'' বক্তা কে? কাকে কথাটি বলেছেন?

(খ) 'সংঘাত' পাঠটি কার, কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(গ) অনিরুদ্ধ কর্মকার ও গিরীশ সূত্রধর কি কি কাজ করতো?

(ঘ) জ্যৈষ্ঠ মাসকে ফুল্লরা পাপিষ্ঠ কেন বলেছে?

(ঙ) গারোদের প্রধান জীবিকা কী? গারো ভাষায় জুমকে কি বলে?

১৩। যে-কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৬×২=১২

(ক) ''দেব নহ কিন্তু গুণে দেবতার মত।''

বটবৃক্ষকে দেবতার সঙ্গে তুলনা করার কারণ কি, আলোচনা কর।

(খ) **'সংঘাত'** গল্পটি অবলম্বনে গ্রামীণ মজলিসের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(গ) সংসারী গারো সমাজের বিবাহ-পদ্ধতি সম্বন্ধে সংক্ষেপে লেখ।

★★★